



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/২০১৭/২৭৭

তারিখ : ২২/১১/২০১৭ খ্রিঃ


বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত মাধ্যমিক ও কলেজিয়েট স্কুলের প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণের সর্বশেষ তারিখ ছিল ১৮/১১/২০১৭ খ্রিঃ। কিন্তু এখনও অনেক প্রতিষ্ঠানের কিছু সংখ্যক ছাত্র/ছাত্রীর ফরম পূরণ করা হয়নি মর্মে সংশ্লিষ্টদের কাছ থেকে জানা যায়। শুধু তাই নয়, পরীক্ষার্থী তাদের অভিভাবক নিয়ে সরাসরি নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে চলে আসেন। এতে অফিসের দাপ্তরিক কাজকর্মে বিঘ্ন ঘটে।

সুতরাং, মানবিক দিক বিবেচনায় ঐ সকল ছাত্র-ছাত্রীর ঝরে পড়া রোধে এবং তাদের শিক্ষা জীবন বহাল রাখার স্বার্থে পূর্বের নির্ধারিত ফি ও বিলম্ব ফি (২০০/-) টাকা এর সাথে আরও অতিরিক্ত ১০০/- (এক শত) টাকা বিশেষ অনুমতি ফিসহ সোনালী ব্যাংকের যেকোন শাখা থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে (রেজি: কার্ডের ফটোকপিসহ) আগামী ১৩/১২/২০১৭ এবং ১৪/১২/২০১৭ তারিখে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উপরোক্ত নির্ধারিত তারিখের পূর্বে কোন আবেদন জমা রাখা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


২২/১১/২০১৭

(মো: কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
২. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৪. সংরক্ষণ নথি।